

# নতুন করোনাভাইরাসের (কোভিড -19) সংক্রমণে প্রভাবান্বিত অভাবগ্রস্তদের স্বাবলম্বী করার জন্য আর্থিক সহায়তার নির্দেশনা

## 1 আর্থিক সহায়তার জন্য উদ্দিষ্ট পরিবার

যে সকল পরিবার জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল ইত্যাদির বিশেষ ঋণ ব্যবহার করতে  
পারবেন না

- যে সকল পরিবার সার্বিক সহায়তা তহবিলের ঋণ পুনরায় গ্রহণ সম্পন্ন করেছেন / যে সকল পরিবার  
আগস্ট মাস নাগাদ পুনরায় ঋণ গ্রহণ করা সম্পন্ন করবেন।  
(পুনরায় ঋণ গ্রহণকালীন সময়ে প্রত্যখ্যান করার ফলস্বরূপ, আগস্টের মধ্যে শেষ হয়ে যাওয়ার ক্ষেত্র  
ছাড়া)
- যে সকল পরিবারের জন্য সার্বিক সহায়তা তহবিল থেকে পুনরায় ঋণ গ্রহণ অনুমোদন করা হয়নি
- যে সকল পরিবার সার্বিক সহায়তা তহবিল থেকে পুনরায় ঋণ গ্রহণ করার বিষয়ে পরামর্শ গ্রহণ  
করলেও, আবেদন করেনি

উপরে বর্ণিত পরিবারের সাথে প্রাসঙ্গিক হওয়ার পর, নিচের সকল শর্ত পূরণ করা হলে

- আয়, ① + ② এর মোট পরিমাণকে অতিক্রম না করা ※ বাসস্থান নিশ্চিত করার সহায়তা বা সুবিধার পূর্বশর্তের  
অনুরূপ
- ① পৌরসভার বাসিন্দাদের মাথাপিছু কর, করমুক্ত আয়ের 1/12
- ② জীবিকার জন্য ভর্তুকির আবাসন সহায়তার মূল অর্থের পরিমাণ
- সম্পদ উপরের ① এর 6 গুণ বা তারও কম (তবে, 10 লক্ষ ইয়েন বা তার চেয়ে কম)  
※ বাসস্থান নিশ্চিত করার সুবিধা বা সহায়তার পূর্বশর্তের অনুরূপ
- ভবিষ্যতে জীবনে স্বাবলম্বী হওয়ার জন্য, নিচের যে কোন একটি কর্মকাণ্ড পরিচালনা করা
- হ্যালো ওয়ার্ক চাকরির জন্য আবেদন করে, আন্তরিকতা এবং উৎসাহের সাথে চাকরি অনুসন্ধানের  
কর্মকাণ্ড পরিচালনা করা
- কাজের মাধ্যমে স্বাবলম্বী হওয়া কঠিন হওয়া এবং এই প্রদত্ত সুবিধা বা সহায়তা শেষ হওয়ার পরে  
জীবিকা নির্বাহ করা কঠিন হওয়ার হাল

## 2 অর্থ প্রদানের পরিমাণ / অর্থ প্রদানের সময়কাল

মাসে প্রদত্ত অর্থের পরিমাণ ※ বাসস্থান নিশ্চিত করার সহায়তা বা সুবিধার সাথে একসাথে প্রদান করা  
সম্ভব

একক পরিবার	60,000 ইয়েন
দুই জনের পরিবার	80,000 ইয়েন
(3 জন বা আরও বেশি জনের পরিবার)	100,000 ইয়েন

অর্থ প্রদানের সময়কাল: 3 মাস

▶ অর্থ প্রদানের পদ্ধতি এবং যোগাযোগের তথ্য পিছনে লেখা আছে। দয়া করে অবশ্যই পরীক্ষা করে  
দেখবেন।

### 3 অর্থ প্রদানের পদ্ধতি

আপনার বসবাস করা স্থানীয় সরকারের নিকট আবেদন করার প্রয়োজন রয়েছে।


আবেদনের কাগজপত্র ছাড়াও, নিচের ①~⑥ এ সংযুক্ত কাগজপত্রের প্রয়োজন রয়েছে। আবেদনের কাউন্টার বা পদ্ধতি সম্পর্কে, স্থানীয় সরকারের হোমপেজটি পরীক্ষা করে দেখুন।

※সুবিধা গ্রহণের সময়কালে, প্রতিমাসে, চাকরি অনুসন্ধানের কর্মকাণ্ডের বিষয়বস্তু সম্পর্কে বোঝা যায়, এমন কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হবে।

এছাড়াও চাকরি অনুসন্ধানের কর্মকাণ্ডের পরিস্থিতির উপর নির্ভর করে, জীবিকার ভর্তুকির জন্য নির্দেশনা দেওয়া হতে পারে।

### আবেদনের জন্য প্রয়োজনীয় সংযুক্ত কাগজপত্র

① পরিচয় যাচাইকরণ, পরিবারের গঠন বুঝা যায় এমন কাগজপত্র	রেসিডেন্স সার্টিফিকেটের কপি
② আয় প্রদর্শন করে এমন কোন কাগজপত্র	বেতনের হিসেব (পেন্সিপি) ইত্যাদির অনুলিপি
② সম্পদ প্রদর্শন করে এমন কোন কাগজপত্র	পরিবারের সকল সদস্যের পাসবুকের অনুলিপি
④ চাকরি অনুসন্ধানের কর্মকাণ্ড সম্পর্কিত কাগজপত্র	হ্যালো ওয়ার্ক কার্ডের একটি অনুলিপি, অথবা জীবিকার জন্য ভর্তুকির জন্য আবেদন করে থাকলে, ভর্তুকি বা সহায়তার জন্য আবেদনপত্রের অনুলিপি
⑤ অর্থ স্থানান্তরের অ্যাকাউন্ট প্রদর্শন করে এমন কাগজপত্র	অর্থ প্রদানের অ্যাকাউন্টের পাসবুকের অনুলিপি
⑥ পুনরায় ঋণ গ্রহণ করা সম্পন্ন হওয়া, অননুমোদন এবং অতীতের ঋণের অবস্থা প্রদর্শন করে এমন কাগজপত্র	ঋণপত্র বা অননুমোদনের নোটিশের অনুলিপি, যে পাসবুকটিতে ঋণের অর্থ স্থানান্তর করা হয়েছিল তার অনুলিপি। বিস্তারিত তথ্য, বিশেষ ওয়েবসাইটে পোস্ট করা "আবেদন করার জন্য নির্দেশনায়" ব্যাখ্যা করা হয়েছে।



যো গা যো গের  
ঠি কা না

স্বাস্থ্য, শ্রম ও কল্যাণ মন্ত্রণালয়ের কল সেন্টার 0120-46-8030  
[সময়] কর্মদিবস 9: 00-17: 00

বিশেষ হোমপেজ

স্বাস্থ্য, শ্রম ও কল্যাণ মন্ত্রণালয় নতুন করোনাভাইরাসের (কোভিড -19) সংক্রমণে প্রভাবান্বিত অভাবগ্রস্তদের স্বাবলম্বী করার জন্য আর্থিক সহায়ত

আবেদনের পদ্ধতিটি ভিডিও দিয়ে ব্যাখ্যা করা হয়েছে।

আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের বিস্তারিত তথ্যও পরীক্ষা করে দেখতে পারবেন।

URL : <https://corona-support.mhlw.go.jp/index.html>



[নতুন করোনাভাইরাসের (কোভিড -19) সংক্রমণে প্রভাবান্বিত অভাবগ্রস্তদের স্বাবলম্বী করার জন্য আর্থিক সহায়তা] এর ছদ্মবেশ ধারণ করা "ব্যাংক ট্রান্সফার জালিয়াতি" বা "ব্যক্তিগত তথ্য জালিয়াতি" সম্পর্কে সতর্কতা অবলম্বন করুন।

আপনার বাড়ি বা কর্মক্ষেত্রে, প্রিফেকচার / পৌরসভা বা স্বাস্থ্য, শ্রম ও কল্যাণ মন্ত্রণালয়ের (কর্মী) ইত্যাদির কাছ থেকে সন্দেহজনক ফোন কল বা মেইল আসলে, দয়া করে আপনার স্থানীয় পৌরসভা বা নিকটস্থ থানায় (বা পুলিশের পরামর্শের জন্য টেলিফোনে (# 9110)) যোগাযোগ করুন।